



কেন আপনার স্বাস্থ্য বিমা প্রয়োজন তার

তথ্যপত্র

প্রত্যেকেই মানসম্পন্ন, স্বল্পমূল্যের স্বাস্থ্যসেবার দাবিদার। সুস্থ জীবন ও পরিবারের জন্য এটি একটি গুরুত্বপূর্ণ সরঞ্জাম।

আমি কিভাবে নাম নথিভুক্ত করাব?

nystateofhealth.ny.gov

অথবা

1-855-355-5777 অথবা

TTY: 1-800-662-1220

অথবা

আপনার বাড়ি বা কর্মক্ষেত্রের কাছাকাছি কোনো সনদ প্রাপ্ত সহায়কের থেকে বিনামূল্যের সহায়তা।

NY State of Health প্রযোজ্য ফেডেরাল নাগরিক অধিকার এবং স্টেটের আইন মেনে চলে এবং জাতি, বর্ণ, জাতীয় মূল, ধর্মবিশ্বাস/ধর্ম, লিঙ্গ, বয়স, বৈবাহিক/পারিবারিক অবস্থা, গ্রেগারির রেকর্ড, অপরাধের জন্য দোষী সাব্যস্ত, লিঙ্গ পরিচয়, যৌন প্রবৃত্তি, প্রিডিসপোজিৎ জেনেটিক, মিলিটারি অবস্থা, গার্লস্টিং সহিংসতার শিকার এবং/অথবা প্রতিশোধের ভিত্তিতে বৈষম্যতা করে না।

আপনি ও আপনার পরিবারের কেন স্বাস্থ্য বিমা প্রয়োজন তার 4টি কারণ এখানে রয়েছে:

1 কারণ আপনি নিজেকে ও আপনার প্রিয়জনকে সুরক্ষিত করতে চান

অসুস্থতা বা আঘাত আপনার জীবন মুহূর্তের মধ্যে পরিবর্তন করতে পারে। আপনার ও আপনার পরিবারকে সুরক্ষিত রাখার সবচেয়ে ভালো উপায় হল প্রস্তুত থাকা। ব্যয় নিয়ে চিন্তা না করে প্রয়োজনে আপনি সঠিক পরিচর্যা পাচ্ছেন তা জানা। এই হল স্বাস্থ্য বিমা নেয়ার সবচেয়ে ভালো কারণ।

2 কারণ আপনি ছোট সমস্যাকে ছোট রাখতে চান

আপনি যখন ডাক্তারের কাছে যাবেন স্বাস্থ্য বিমা তার খরচা দেবে। আপনি অসুস্থ হলেই শুধু নয়, আপনি সুস্থ থাকলেও। ডাক্তাররা এমন সমস্যা বের করতে পারেন যা ছোট, সরল এবং চিকিৎসা করার খরচ কম। আপনার স্বাস্থ্যের পরিচর্যার ব্যবস্থার খেয়াল রাখার বুদ্ধিমান উপায় হল সমস্যাকে বাড়তে না দেয়া।

3 কারণ আপনি আগের থেকে অনেক নির্ভয়ে ও আত্মবিশ্বাসের সঙ্গে বাঁচতে চান

স্বাস্থ্য বিমা থাকলে, আপনার মনে প্রশান্তি আসে। ভবিষ্যতে কি হতে পারে কেউ জানে না এবং ঝুঁকি নিয়ে কাজ করা প্রতিদিনের জীবনের অঙ্গ। যাই হলে যাক না কেন আপনি ও আপনার পরিবার কভারেজ পাবে জেনে সুরক্ষিত বোধ করবেন।

4 কারণ NY State of Health স্বাস্থ্য বিমা কেনা ও তার জন্য পেমেন্ট করা সহজ করেছে

মার্কেটপ্লেসে অনেক স্বাস্থ্য প্ল্যানের মধ্য থেকে বেছে নিতে পারবেন। এছাড়াও এখানে নথিভুক্ত করার প্রক্রিয়া থেকে ধাপে ধাপে প্রশিক্ষিতদের থেকে সাহায্য পাবেন। আপনি অনলাইনে, ফোনের মাধ্যমে অথবা আপনি যেখানে থাকেন বা যে ভাষায় কথা বলেন সেখানে এই সাহায্য পেতে পারেন। এবং নিউ ইয়র্কবাসীরা, স্বাস্থ্য প্ল্যানের পেমেন্টের জন্য সাহায্য পাবেন।